



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



বিজ্ঞপ্তি নং- ১৯/২০২১

তারিখঃ ০৭-১১-২০২১

### বিজ্ঞপ্তি/সাকুলার

বিষয়ঃ 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক লাইসেন্সিং প্রক্রিয়া সম্পন্ন করতঃ 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' আয়োজন করা হবে। বাফুফের সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ সর্বমোট ১২/১৪ টি দল অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থার ফুটবল দল 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত 'BFF Club Licensing Regulations 2021-22 For BPL & BCL' এবং 'BFF Club Licensing Application Manual 2021-22' এর বিভিন্ন নির্ণায়ক সমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিধায় সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' উপলক্ষে প্রণীত 'BFF Club Licensing Regulations 2021-22 For BPL & BCL' এবং 'BFF Club Licensing Application Manual 2021-22' এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় যে সকল ক্লাব/সংস্থা 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে এতদসঙ্গে সংযুক্ত 'BFF Club Licensing Regulations 2021-22 For BPL & BCL' এ উল্লেখিত Core Process Timeline অনুযায়ী 'BFF Club Licensing Application Manual 2021-22' এর বিভিন্ন নির্ণায়ক সমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজপত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ১১-১২-২০২১ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮০১৭০৮৪৫৪৫৯৮, +৮৮০১৭৬০৮১৯৮৪৮ (হোয়াটসঅ্যাপ) ই-মেইলঃ miraj.bff@gmail.com) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন



মোঃ আবু নাইম সোহাগ  
সাধারণ সম্পাদক

বিতরণঃ

- ১। বাফুফে কার্যনির্বাহী কমিটি।
- ২। বাফুফে'র আওতাধীন সকল এসোসিয়েশন/সংস্থা।
- ৩। ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটি।
- ৪। বাফুফে নোটিশ বোর্ড।

সংযুক্তিঃ

1. 'BFF Club Licensing Regulations 2021-22 For BPL & BCL' (এক কপি)।
2. 'BFF Club Licensing Application Manual 2021-22' (এক কপি)।
3. Core Process Timeline (এক কপি)।